ঝিনাইদহে পোষা সাপের কামড়ে প্রাণ গেল সাপুড়ের

ঝিনাইদহে সাপের কামড়ে তরিকুল ইসলাম ওরফে তুফান (৩০) নামে এক সাপুড়ের মৃত্যু হয়েছে।

গতকাল শনিবার (৩ ফেব্রুয়ারি) দিবাগত রাতে সদর উপজেলার কোলা গ্রামের নিজ বাড়িতে এ ঘটনা ঘটে। তিনি একই গ্রামের আলফাজ উদ্দিনের ছেলে। এ ঘটনায় পরিবারে শোকের ছায়া নেমে এসেছে।

এলাকাবাসী সূত্রে জানা গেছে, তরিকুল ইসলাম ওরফে তুফান শখের বসে গোখরা সাপ নিয়ে বিভিন্ন সময় খেলাধুলা করতো এবং মানুষকে খেলা দেখাতো। সাপ ধরে নিজের সংগ্রহে রাখতো, অনেক সময় পকেটেও সাপ নিয়ে ঘুরতো। শনিবার সন্ধ্যায় নিজের বাড়িতে থাকা সাপ নিয়ে খেলতে গিয়ে কামড় খায়। নিজের জানা মন্ত্র পড়ে ঝাড়ফুঁক দিয়ে বাচার চেষ্টা করে তবে তাতে কাজ হয় না। পরে বিষয়টি পরিবারকে জানালে তারা প্রথমে সদর উপজেলার ডাকবাংলা এলাকায় এক ওঝার কাছে নিয়ে যায়। ওই ওঝাকে দিয়ে বিষ নামানোর চেষ্টা করা হয়, কিন্তু তাতেও কাজ হয় না। তখন পরিবারের লোকেরা সেখান থেকে ঝিনাইদহ সদর হাসপাতালে নেওয়ার পথে তুফানের মৃত্যু হয়।

পারিবারিক সূত্রে আরও জানা যায়, তাকে যে সাপে কামড় দিয়েছে সেই সাপ নেপাল থেকে কিনে আনা। সাপটি নিয়ে সে সব সময় ঘুরতো বলে জানা যায়।